



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১৯ অগ্রহায়ণ ১৪৩১

তারিখ: _____

০৪ ডিসেম্বর ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

মাস্টার সার্কুলার: ঋণ/লীজ শ্রেণিকরণ এবং সংস্থান সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ: ২৬ জুলাই ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- সার্কুলারের ৩.৫ নং অনুচ্ছেদের (ক)(৪) নং উপ-অনুচ্ছেদে 'বিশেষ উল্লেখ হিসাব' ঋণের ক্ষেত্রে ৫% হারে এবং (খ) নং উপ-অনুচ্ছেদে 'নিম্নমান' ঋণের ক্ষেত্রে ২০%, 'সন্দেহজনক' ঋণের ক্ষেত্রে ৫০%, এবং 'মন্দ ও ক্ষতি' মানের ঋণের ক্ষেত্রে ১০০% হারে সংস্থান সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে।
- এক্ষেণে, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানে (CMSME) বিনিয়োগ উৎসাহিতকরণ এবং এ খাতে ঋণ ও বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে ফাইন্যান্স কোম্পানিসমূহের জন্য CMSME খাতে প্রদত্ত ঋণের বিপরীতে রক্ষিতব্য সংস্থানের হার পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- এতদুদ্দেশ্যে, সার্কুলারের ৩.৫(ক)(৪) এবং ৩.৫(খ) নং উপ-অনুচ্ছেদ যথাক্রমে নিম্নরূপে প্রতিস্থাপিত হবে—
৩.৫ (ক) (৪).
'বিশেষ উল্লেখ হিসাব' মানে শ্রেণিকৃত ঋণ/লীজ হিসাবের বকেয়া স্থিতি হতে স্থগিত সুদ বাদ দেয়ার পর প্রাপ্ত স্থিতির উপর ৫% হারে সংস্থান সংরক্ষণ করতে হবে। তবে, CMSME ঋণের ক্ষেত্রে সংরক্ষিতব্য সংস্থানের হার হবে ০.২৫%।
৩.৫(খ).
শ্রেণিকৃত ঋণ/লিজের বিপরীতে ফাইন্যান্স কোম্পানিসমূহকে নিম্নোক্ত হারে সংস্থান সংরক্ষণ করতে হবে—

CMSME ঋণের ক্ষেত্রে:	অন্যান্য সকল ঋণের ক্ষেত্রে:
১. নিম্নমান : ৫%	১. নিম্নমান : ২০%
২. সন্দেহজনক : ২০%	২. সন্দেহজনক : ৫০%
৩. মন্দ ও ক্ষতি : ১০০%	৩. মন্দ ও ক্ষতি : ১০০%
- এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ: ২৬ জুলাই ২০২১ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।